**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ব্রঙ্কসে 86 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী অবসান ডেভেলপমেন্টের নির্মাণ কাজ শুরুর ঘোষণা করলেন

***বায়েজ প্লেস ক্লেয়ারমন্টে 154টি নতুন সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি করবে, যার মধ্যে গৃহহীনতায় ভুগতে থাকা মানুষের জন্য সমর্থক সেবাসহ 86টি থাকবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে বায়েজ প্লেসের (Baez Place) নির্মাণকাজ শুরু হয়েছে, এটি ব্রঙ্কসের ক্লেয়ারমন্ট সেকশনে একটি 86 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী অবসান ডেভেলপমেন্ট। বায়েজ প্লেসে থাকবে 154টি সাশ্রয়ী বাসা, যার মধ্যে গৃহহীনতায় ভুগতে থাকা মানুষের জন্য অনসাইট সমর্থক সেবাসহ 86টি থাকবে।

"আমরা এই প্রকল্পটি দিয়ে আবাসন অনিরাপত্তা ও গৃহহীনতার সামনে থেকে মোকাবেলা করছি, এটি নিউ ইয়র্কবাসীদের জন্য উচ্চমানের সাশ্রয়ী বাসা প্রদান করবে," **গভর্নর হোকল বলেন।** "ব্রঙ্কসের বায়েজ প্লেসের এই ডেভেলপমেন্ট 150 ইউনিটের বেশি আবাসন দিয়ে এবং একইসাথে বয়স্ক ও গৃহহীনতায় ভুগতে থাকা মানুষের জন্য র‍্যাপঅ্যারাউন্ড সেবা দিয়ে সম্পূর্ণ সম্প্রদায়কে উত্থিত করবে, এটি সুযোগ উন্মোচন ও পরিবারসমূহকে নিজের বাড়ি বলতে পারার জন্য একটি নিরাপদ, স্থিতিশীল স্থান প্রদান করার জন্য আমাদের 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার সর্বশেষ প্রচেষ্টা।"

বায়েজ প্লেস হলো আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য এবং স্থিতিশীল করতে গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার একটি অংশ। 2023 অর্থবছরের স্টেট বাজেটে (State Budget) একটি নতুন 25 বিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ বছর মেয়াদি সার্বিক আবাসন পরিকল্পনা উপস্থাপন এবং সফলভাবে নিশ্চিত করেছেন, যা পুরো নিউ ইয়র্কে 100,000 সাশ্রয়ী আবাস তৈরি বা সংরক্ষণ করে আবাসন সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে দুঃস্থ জনগোষ্ঠীর জন্য 10,000টি সমর্থক সেবাসহ বাসা থাকবে, এবং একই সাথে আরো 50,000 বাসার বৈদ্যুতিকরণের পরিকল্পনা রয়েছে।

বায়েজ প্লেসে থাকবে 105টি স্টুডিও, 21টি এক-শয়নকক্ষের, 22টি দুই শয়নকক্ষের এবং ছয়টি তিন-শয়নকক্ষের অ্যাপার্টমেন্ট। অ্যাপার্টমেন্টগুলি এলাকার মধ্যম আয়ের (Area Median Income, AIM) 30 থেকে 80 শতাংশ উপার্জনসহ গৃহস্থালিগুলির ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে।

সমর্থক সেবা এবং ভাড়ার ভর্তুকির অর্থায়ন করা হবে নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিস (New York State Office of Mental Health) কর্তৃক পরিচালিত একটি এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগ (Empire State Supportive Housing Initiative) তহবিলের মাধ্যমে।

প্রকল্পটির নির্মাতা, কমিউনিটি অ্যাক্সেস, ইনকর্পোরেশন (Community Access Inc.), অনসাইট সামাজিক সেবা প্রদান করবে যার মধ্যে থাকবে ব্যক্তিগত কাউন্সেলিং, স্ব-সাহায্যের গ্রুপ, কাঠামোবদ্ধ দলীয় কর্মকাণ্ড, ক্ষতি হ্রাসের সেবা, সম্প্রদায়ের মানসিক স্বাস্থ্য ও স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে সংযোগ, চিকিৎসা ব্যবস্থাপনা সহায়তা এবং চাকরির রেফারেল।

বয়স্ক ভাড়াটিয়াদের জন্য থাকা অতিরিক্ত সেবার মধ্যে রয়েছে ব্যক্তিগত সমর্থন এবং একজন নিবেদিত সিনিয়র অ্যাডভোকেটের সাথে সংযোগ, এবং অনসাইটে প্রাথমিক যত্নের সেবা যা কমিউনিটি অ্যাক্সেসের চুক্তির অধীনে থাকা একজন চিকিৎসক বা নার্স প্র্যাকটিশনার প্রদান করবে।

বায়েজ প্লেসের আবাসিক সুযোগ সুবিধার মধ্যে থাকবে একটি বাণিজ্যিক রান্নাঘরসহ কমিউনিটি কক্ষ, কম্পিউটার কক্ষ, লন্ড্রি কক্ষ, ব্যায়াম কক্ষ এবং 24/7 ফ্রন্ট ডেস্ক নিরাপত্তা। প্রতিটি অ্যাপার্টমেন্টে বিনামূল্যের ব্রডব্যান্ড ইন্টারনেট থাকবে।বাসিন্দাদের কাছে বাইরের সবুজ স্থানে এবং ভবনটির শীর্ষ তলায় অবস্থিত গ্রিনহাউজে শহুরে কৃষিতে অংশগ্রহণ করার সুযোগ থাকবে।

ডেভেলপমেন্টের একদম কাছের পাড়া এলাকায় পার্ক ও বিনোদনমূলক স্থান, প্রার্থনার স্থান, স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটি, স্কুল ও বিভিন্ন খাবার দোকানের বৈচিত্র্যময় মিশ্রণ রয়েছে। সাইটটি উত্তরে রিচম্যান (ইকো) পার্ক (Richman (Echo) Park) সংলগ্ন এবং মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) বাস স্টপ, B এবং D লাইনের সাবওয়ে স্টপ, এবং মেট্রো নর্থ হারলেম লাইন (Metro North Harlem) ট্রেমন্ট স্টেশনের কাছে অবস্থিত।

বায়েজ প্লেসের জন্য স্টেটের অর্থায়নের মধ্যে রয়েছে স্থায়ী কর মওকুফ বন্ড হিসেবে 17.6 মিলিয়ন মার্কিন ডলার, ফেডারেল নিম্ন আয়ের কর ক্রেডিট (Federal Low-Income Tax Credits) যা 38.7 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করবে এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal.) থেকে 12 মিলিয়ন মার্কিন ডলার। নিউ ইয়র্ক স্টেটের টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিস (Office of Temporary and Disability Assistance) গৃহহীন আসন ও সহায়তা কর্মসূচির (Homeless Housing and Assistance Program) মাধ্যমে 7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে।

**হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন,** "বায়েজ প্লেস পরিবার, বয়স্ক, এবং গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের একটি আরামদায়ক ও সক্রিয় পরিবেশ প্রদান করার জন্য নকশা করা একটি ভবনে 154টি অ্যাপার্টমেন্ট যোগ করার মাধ্যমে ব্রঙ্কসের সাশ্রয়ী আবাসন মজুদ বৃদ্ধি করার আমাদের প্রসেসটাকে অগ্রসর করলো। উদ্ভাবনী

এই ডেভেলপমেন্ট গভর্নর হোকলের এমন আবাসনে বিনিয়োগ করার প্রতিশ্রুতির একটি উদাহরণ যা শুধু সাশ্রয়ী নয়, বরং যা বিনামূল্যের ইন্টারনেট, বিশাল খোলা স্থান, এবং গণপরিবহন, স্কুল, সুযোগ সুবিধা এবং স্বাস্থ্যসেবা প্রদান করার মাধ্যমে বাসিন্দাদের জীবনও উন্নত করে। এবং কমিউনিটি অ্যাক্সেস, ইনকর্পোরেশনে আমাদের অংশীদারদের সাহায্য নিয়ে, বায়েজ প্লেসের জীবন রূপান্তরিত করার এবং আরো শক্তিশালী ও সফল সম্প্রদায় গঠন করার সক্ষমতা রয়েছে।"

**টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিসের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ টিয়েটজ বলেন,** "কোনও মারাত্মক মানসিক অসুস্থতাসহ নিউ ইয়র্কবাসীরা প্রায়ই তাদের অবস্থার কারণে নিজেরা বা তাদের পরিবার আবাসন অস্থিতিশীলতার সম্মুখীন হয়। বায়েজ প্লেস দ্রুত যে নতুন কয়েক ডজন স্থায়ী সমর্থক আবাসন দিতে চলছে, এগুলি এই ব্যক্তি ও পরিবারকে এমন সেবা প্রদান করে যা একটি স্বাধীন সেটিংয়ে নিরাপদে বাস করার জন্য তাদের প্রয়োজন। আমাদের পুরো স্টেটে স্থানীয় সমর্থক আবাসন বিস্তৃত করার ক্ষেত্রে গভর্নর হোকলের অব্যাহত প্রচেষ্টা সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, সাশ্রয়ী আবাসন নিশ্চিত করতে তার সংকল্প প্রদর্শন করে।"

**মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনের অ্যান সালিভ্যান বলেন,** "গভর্নর হোকলের ঐতিহাসিক আবাসন পরিকল্পনা এবং সমর্থক আবাসনের প্রতি তার অঙ্গীকার মানসিক অসুস্থতাসহ হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে নিরাপদ ও স্থিতিশীল বাসা প্রদান করেছে, যা তাদের নিরাময়ের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান। বায়েজ প্লেস মাউন্ট হোপ এলাকার একটি সুন্দর সংযোজন হবে, এবং এটি ব্রঙ্কসের দুঃস্থ মানুষকে তাদের নিজেদের সম্প্রদায়ে বাস করার এবং সমৃদ্ধি করার একটি সুযোগ প্রদান করবে।"

**স্টেটের সিনেটর গুস্তাভো রিভেরা বলেন,** "মাউন্ট হোপে বায়েজ প্লেস অ্যাপার্টমেন্টসের কাজ শুরু হওয়া ব্রঙ্কসের সাশ্রয়ী আবাসন মজুদে একটি অতি প্রয়োজনীয় সংযোজন। নতুন ডেভেলপমেন্টটি মেডিকেইড প্রাপ্ত বয়স্কদের এবং গৃহহীন ব্যক্তিদের একটি সাশ্রয়ী, টেকসই থাকার জায়গা প্রদান করবে এবং একইসাথে তাদের অতি গুরুত্বপূর্ণ সমর্থক সেবার সাথে সংযুক্ত করে দিব। আমি স্টেট এবং অলাভজনক অংশীদারদের প্রশংসা করছি একত্রে কাজ করার জন্য এবং ব্রঙ্কসে এ ধরনের অতি গুরুত্বপূর্ণ আবাসন প্রকল্পে বিনিয়োগ করার জন্য।"

**অ্যাসেম্বলি সদস্য ইউডেলকা টাপিয়া বলেন,** "সাশ্রয়ী আবাসনের ঘাটতি এবং মানসিক অসুস্থতার কারণে গৃহহীনতা নিউ ইয়র্ক সিটির একটি বড় সঙ্কট। নিউ ইয়র্ক স্টেটে 90,000-র বেশি পুরুষ, নারী ও শিশু গৃহহীনতায় ভুগছে, তাই এটি একটি বিশালাকার মানবাধিকার সঙ্কট যার জন্য তাৎক্ষণিক পদক্ষেপ প্রয়োজন। নতুন এই সমর্থক-সাশ্রয়ী আবাসন ডেভেলপমেন্টটি আমাদের নিম্ন আয়ের পরিবার, মানসিক অসুস্থতাসহ ব্যক্তি, এবং আমাদের সবথেকে দুঃস্থ জনগোষ্ঠীর বয়স্কদের সেবাদান করবে। কমিউনিটি অ্যাক্সেসকে ধন্যবাদ, আমাদের সম্প্রদায়ে যাদের সর্বাধিক প্রয়োজন তাদের সেবাদানে তাদের অঙ্গীকার ও নিবেদনের জন্য। বায়েজ প্লেস এবং এর 154টি অ্যাপার্টমেন্ট ইউনিট সহায়তার প্রয়োজন এমন সকলের জন্য কোনও না কোনও ধরনের আশা নিয়ে আসবে।"

**ব্রঙ্কস বরোর প্রেসিডেন্ট ভ্যানেসা এল. গিবসন বলেন,** "সকল নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক হবে এমন সাশ্রয়ী আবাসনের পক্ষে কাজ করা আমার প্রশাসনের একটি শীর্ষ অগ্রাধিকার এবং আমরা এটি দেখে অত্যন্ত খুশি যে বায়েজ প্লেস ডেভেলপমেন্ট যাদের সবথেকে প্রয়োজন তাদের জন্য আবাসন ন্যায্যতা ও সমতা আনার মডেলে ভালো মানানসই হয়। 154টি ইউনিট নিয়ে, যার মধ্যে 86টি গৃহহীনতায় ভুগতে থাকা মানুষের জন্য আলাদা করে রাখা হবে, আমরা নিশ্চিত যে আমাদের সবথেকে দুঃস্থ বাসিন্দাদের এখন আমাদের বরোতে নিরাপদ, পরিচ্ছন্ন, এবং স্বাস্থ্যকর পরিবেশে বাস করার সুযোগ থাকবে। আমি কমিউনিটি অ্যাক্সেস, নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, এবং এই প্রকল্পকে বাস্তবায়ন করার জন্য ও আবাসন সমতার জন্য লড়াইয়ে জড়িত থাকা সকলকে ধন্যবাদ জানাতে চাই।"

**কমিউনিটি অ্যাক্সেসের প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাল হেডিগান বলেন,** "আমরা আমাদের বায়েজ প্লেসের নির্মাণকাজ শুরু করতে পেরে অতিমাত্রায় গর্বিত, এটি সিটিতে কমিউনিটি অ্যাক্সেসের 21তম ডেভেলপমেন্ট, এবং ব্রঙ্কসে আমাদের 10ম। আমরা যেমনটি গত 2+ কোভিড বছরে দেখেছি, ব্যক্তিগত সুস্থতার জন্য একটি স্থিতিশীল বাসা থাকা অত্যাবশ্যকীয়। যেসব মানুষের বাসা নেই, তাদের জন্য এটি জীবন মৃত্যুর মধ্যকার পার্থক্য হতে পারে। বায়েজ প্লেস আমাদের 1,000 নতুন সাশ্রয়ী ও সমর্থক আবাসন ইউনিট নির্মাণ করার উচ্চাকাঙ্ক্ষী রিয়েল এস্টেট লক্ষ্য অর্জনের আরেকধাপ কাছে নিয়ে যাবে। আমরা নিউ ইয়র্কের সাশ্রয়ী আবাসন সঙ্কট সমাধানে গভর্নর হোকলের অঙ্গীকারের প্রশংসা করছি।"

*###*

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418